



বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)

BANGLADESH COUNCIL OF SCIENTIFIC AND INDUSTRIAL RESEARCH (BCSIR)

নং: ৩৯.০২.০০০০.০০৭.১১.৫০৯.২০২২/ ৩৪২০

তারিখ: ৩১/১০/২০২২

বিসিএসআইআর রিসার্চ ফেলো নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের নিম্নবর্ণিত ফেলোশিপের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ছকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	ফেলোশিপের নাম	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	আবেদনকারীর বয়সসীমা	মাসিক ভাতা (টাকা)
১	বিসিএসআইআর পোস্ট ডক্টরাল ফেলোশিপ বিষয় : কেমিস্ট্রি / এপ্লাইড কেমিস্ট্রি -২টি মাইক্রোবায়োলজি- ১টি নিউট্রিশন এন্ড ফুড সাইন্স- ১টি	০৪ টি	বিজ্ঞান/ প্রযুক্তি সংক্রান্ত সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রি (শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণি/ সমমানের গ্রেড পয়েন্ট প্রাপ্ত প্রার্থীগণ গ্রহণযোগ্য বিবেচিত হবেন না)	বয়সসীমা নির্ধারিত নেই	মাসিক ভাতা ৫৫,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা
২	ড. কুদরাত -এ -খুদা ডক্টরাল ফেলোশিপ বিষয় : কেমিস্ট্রি- ২টি এপ্লাইড কেমিস্ট্রি- ১টি মাইক্রোবায়োলজি- ১টি নিউট্রিশন এন্ড ফুড সাইন্স- ১টি ম্যাটেরিয়াল এন্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং- ১টি	০৬ টি	সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রির জন্য নিবন্ধনকৃত (শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণি/ সমমানের গ্রেড পয়েন্ট প্রাপ্ত প্রার্থীগণ গ্রহণযোগ্য বিবেচিত হবেন না)	২৫.০৩.২০২০ তারিখে অনূর্ধ্ব ৪০ (চল্লিশ) বছর।	মাসিক ভাতা ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা
৩	প্রফেসর নুরুল আফসার খান পোস্ট গ্রাজুয়েট ফেলোশিপ বিষয় : কেমিস্ট্রি- ৪টি এপ্লাইড কেমিস্ট্রি- ১টি ফার্মেসি- ২টি বায়োকেমিস্ট্রি/ বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি- ১টি নিউট্রিশন এন্ড ফুড সাইন্স- ১টি ইইই- ১টি	১০টি	সংশ্লিষ্ট বিষয়ে এমফিল/ এমএস ডিগ্রী (শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণি/সমমানের গ্রেড পয়েন্ট প্রাপ্ত প্রার্থীগণ গ্রহণযোগ্য বিবেচিত হবেন না)	২৫.০৩.২০২০ তারিখে অনূর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর।	মাসিক ভাতা ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা



বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)

BANGLADESH COUNCIL OF SCIENTIFIC AND INDUSTRIAL RESEARCH (BCSIR)

ক্র: নং	ফেলোশিপের নাম	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	আবেদনকারীর বয়সসীমা	মাসিক ভাতা (টাকা)
৪	প্রফেসর মফিজ উদ্দিন আহমেদ স্মৃতি ফেলোশিপ বিষয় : কেমিস্ট্রি- ২টি এপ্লাইড কেমিস্ট্রি- ১টি বায়োকেমিস্ট্রি/ বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি- ১টি নিউট্রিশন এন্ড ফুড সাইন্স- ১টি জুলজি- ১টি জিওলজি এন্ড মাইনিং- ১টি পরিবেশ বিজ্ঞান- ১টি	০৮টি	সংশ্লিষ্ট বিষয়ে থিসিস গুপে মাস্টার্স ডিগ্রী প্রাপ্ত (শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণি/সমমানের গ্রেড পয়েন্ট প্রাপ্ত প্রার্থীগণ গ্রহণযোগ্য বিবেচিত হবেন না)	২৫.০৩.২০২০ তারিখে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর।	মাসিক ভাতা ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা
৫	ড. আব্দুল্লাহ আল-মুতি শরফুদ্দিন স্মৃতি ফেলোশিপ বিষয় : কেমিস্ট্রি- ৩টি এপ্লাইড কেমিস্ট্রি- ১টি মাইক্রোবায়োলজি- ১টি ফার্মেসি- ১টি নিউট্রিশন এন্ড ফুড সাইন্স- ১টি পরিবেশ বিজ্ঞান- ২টি	০৯টি	সংশ্লিষ্ট বিষয়ে থিসিস গুপে মাস্টার্স ডিগ্রী প্রাপ্ত (শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণি/সমমানের গ্রেড পয়েন্ট প্রাপ্ত প্রার্থীগণ গ্রহণযোগ্য বিবেচিত হবেন না)	২৫.০৩.২০২০ তারিখে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর।	মাসিক ভাতা ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা
শূন্য ফেলোশিপের সংখ্যা বৃদ্ধি পেতে পারে।					

নিয়োগের নিয়মাবলি:

প্রাথমিকভাবে এক বৎসরের জন্য সকল ফেলোশিপ প্রদান করা হবে। গবেষণার সন্তোষজনক অগ্রগতি সম্পর্কে পরিষদ কর্তৃক গঠিত এতদসংক্রান্ত মূল্যায়ন কমিটির সুপারিশ এবং বোর্ড অনুমোদনের শর্তে বৎসর ভিত্তিক নবায়নের মাধ্যমে ফেলোশিপের মেয়াদ বর্ধিত হতে পারে। সাধারণভাবে ফেলোশিপের মোট মেয়াদ কখনও ৪ বৎসরের অধিক হবে না। ফেলোদের নির্ধারিত হারে ভাতা/আনুতোষিক প্রদান করা হবে। বিসিএসআইআর পোস্ট ডক্টরাল ফেলোশিপে বিদেশী প্রার্থীরাও আবেদন করতে পারবেন। তবে সেক্ষেত্রে প্রার্থীকে বিসিএসআইআর-এর একজন গবেষণা তত্ত্বাবধায়কের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্রের নির্ধারিত ফরম বিসিএসআইআর সচিবালয় হতে অথবা বিসিএসআইআর-এর ওয়েবসাইট (www.bcsir.gov.bd) থেকে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।

ফেলোদের গবেষণাকর্ম বিসিএসআইআর-এর বিভিন্ন গবেষণাগারে সম্পাদন করতে হবে এবং গবেষণা প্রস্তাব বিসিএসআইআর-এর লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ ও বিসিএসআইআর-এর নির্ধারিত ছকে গবেষণা প্রস্তাব, গবেষণা তত্ত্বাবধায়কের স্বাক্ষর (প্রযোজ্য ক্ষেত্রে) সহ জমা দিতে হবে। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত), শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি ও বিভিন্ন পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের অথবা

ড. কুদরত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ।

Dr. Quadrat-I-Khuda Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh.
Fax : 880-2-8613022, E-mail: bcsir@bangla.net, Web site : www.bcsir.gov.bd

(Handwritten signature)

জীবনের জন্য বিজ্ঞান

“শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন”

C:\Users\U-5-E-F\Downloads\Latter (New Pad) (4).docx page-3



বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)

BANGLADESH COUNCIL OF SCIENTIFIC AND INDUSTRIAL RESEARCH (BCSIR)

জন্ম নিবন্ধন কার্ডের সত্যায়িত অনুলিপি এবং সচিব, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, ঢাকা এর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে। আবেদনপত্র ব্যক্তিগতভাবে অথবা ডাকযোগে সচিব, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, ড. কুদরাত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫ এই ঠিকানায় আগামী ২৮.১১.২০২২ তারিখের মধ্যে পৌছাতে হবে। আবেদনকারী কোন প্রতিষ্ঠানে কর্মরত থাকলে তাকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এবং ফেলো নির্বাচিত হলে “বিসিএসআইআর-এর গবেষণা প্রতিষ্ঠানে সার্বক্ষণিক ও পূর্ণ মেয়াদে কাজের জন্য কর্মস্থল থেকে অবমুক্ত করতে আপত্তি নেই” এই মর্মে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। বিসিএসআইআর-এর কোন ফেলোশিপ চাকরি হিসেবে গণ্য হবে না এবং ফেলোশিপের অধীনে কর্মরত থাকলে কোন ফেলোকে কোন প্রকার ছুটি প্রদান করা যাবে না। একই গবেষণা কাজের জন্য অন্য কোন ফেলোশিপ গ্রহণকারীদের আবেদন করার প্রয়োজন নেই। প্রয়োজনীয় তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে যোগাযোগ করা যাবে।

(শাহ আবদুল তারিক)

সচিব

বিসিএসআইআর

ড. কুদরাত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ।

Dr. Qudrat-I-Khuda Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh.

Fax : 880-2-8613022, E-mail: bcsir@bangla.net, Web site : www.bcsir.gov.bd